

📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নম্বরঃ ২৬৯৭

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ মানুষের জন্য মুস্তাহাব হলো দীর্ঘ সফরের সময় দ্রুত স্বদেশে ফিরে যাওয়া

ذَكَرُ الْإِخْبَارِ عَمَّا يَجِبُ لِلْمَرْءِ عِنْدَ طَوْلِ سَفَرَتِهِ سُرْعَةُ الْأُيُوتِ إِلَى وَطَنِهِ

আরবী

2697 - أَخْبَرَنَا عُمَرُ بْنُ سَعِيدٍ بْنُ سِنَانٍ قَالَ: أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ أَبِي بَكْرٍ عَنْ مَالِكٍ عَنْ سُمَيٍّ عَنْ أَبِي صَالِحٍ عَنْ أَبِي هُرَيْرَةَ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: (السَّفَرُ قِطْعَةٌ مِنَ الْعَذَابِ يَمْنَعُ أَحَدَكُمْ نَوْمَهُ وَطَعَامَهُ وَشَرَابَهُ فَإِذَا قَضَى أَحَدُكُمْ نَهْمَتَهُ مِنْ سَفَرِهِ فَلْيُعَجِّلِ الرَّجُوعَ إِلَى أَهْلِهِ)

الراوي : أَبُو هُرَيْرَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2697 | خلاصة حكم المحدث: صحيح: ق. ١.

বাংলা

২৬৯৭. আবু হুরাইরা রাযিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, “সফর আযাবের একটি অংশ; যা তোমাদেরকে ঘুম, পানাহার থেকে বিরত রাখে। কাজেই যখন তোমাদের কেউ সফরে তার প্রয়োজন পূরণ করবে, তবে সে যেন দ্রুত তার পরিবারের কাছে ফিরে যায়।”[1]

ফুটনোট

[1] মুয়াত্তা ইমাম মালিক: ২/৯৮০; মুসনাদ আহমাদ: ২/২৩৬; দারেমী: ২/২৮৪; সহীহুল বুখারী: ১৮০৪; সহীহ মুসলিম: ১৯২৭; ইবনু মাজাহ: ২৮৮২; মুসনাদুশ শিহাব: ২২৫; সুনান বাইহাকী: ৫/২৫৯; বাগাবী: ২৬৮৭।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীকাতুল হিসান: ২৬৯৭)

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=92027>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন